মেহেরপুরে পেঁয়াজের সংরক্ষণাগার স্থাপন বিষয়ক কর্মশালা

ইফাদের অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর চৎড়সড়ঃরহম অমৎরপঁষঃ◌ঁৎধষ ঈড়সসবৎপরধষরুধঃরড়হ ধহফ ঊহঃবৎঢ়ৎরংবং(চঅঈঊ) প্রকল্পের আওতায় পিকেএসএফ-এর সহযোগী সংস্থা “ওয়েভ ফাউন্ডেশন” কর্তৃক বাস্তবায়নাধীন “বছরব্যাপী পিঁয়াজ উৎপাদন এবং বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি” শীর্ষক ভ্যালু চেইন প্রকল্পে মেহেরপুর পেঁয়াজের সংরক্ষণাগার স্থাপনে উদ্বুদ্ধকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। শনিবার সকালে মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের মাঠ প্রাঙ্গণে মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর সিনিয়র মহাব্যবস্থাপক ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম। এ সময় তিনি বলেন, উপযুক্ত সংরক্ষণের অভাবে কমপক্ষে ২০ শতাংশ পেঁয়াজ পঁচে যায়। পেঁয়াজের এই পঁচনশীলতার কারণে কৃষকেরা পেঁয়াজ তোলার পরপরই স্বল্প দামে বিক্রি করতে বাধ্য হন। এছাড়া দেশে শুধুমাত্র রবি মৌসুমে পেঁয়াজ উৎপাদনের ফলে বছরের শেষার্ধে পেঁয়াজের সংকট দেখা দেয়। এই সংকট মোকাবিলায় ও কৃষকের অধিক আয়ের জন্য সারা বছর চাষযোগ্য গ্রীষ্মকালীন জাতের পেঁয়াজ বারি-৫ চাষ সম্প্রসারণে প্রকল্পটি হাতে নেয়া হয়েছে।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক আনোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি বলেন- সরকার কর্তৃক প্রতিষ্ঠিত পিকেএসএফ এখন দারিদ্র্য বিমোচনের বিভিন্ন অনুসঙ্গ নিয়ে কাজ করছে যার মধ্যে ব্যবসাগুচ্ছ ভিত্তিক ভ্যালু চেইন কর্মকাণ্ডের আওতায় অত্র এলাকার পেঁয়াজ উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণ বিষয়ে সহায়তা দিচ্ছে। ফলে বারি-৫ জাতের অধিক ফলনশীল এবং বছরব্যাপী উৎপাদনশীল বীজ সরকারের গবেষণাগার থেকে সংগ্রহ করিয়ে নিরাপদ চাষাবাদ, বীজ উৎপাদন ও এতদ্বিষয়ে চাষীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে চাষীরা পেঁয়াজের ব্যপক উৎপাদন করতে সক্ষম হয়েছেন। এ প্রকল্প গ্রহণের আগে যেখানে বারী-৫ পেঁয়াজের উৎপদন ছিল শূন্য সেখানে এখন পেঁয়াজের উৎপাদন হয়েছে ৮১০ মে. টন। আমাদের লক্ষ্য হচ্ছে বছরব্যাপী উৎপাদন নিশ্চিত করে দেশের চাহিদা মিটিয়ে

বিদেশে রপ্তানি করা যার জন্য ইতিমধ্যে পাবনার ঈশ্বরদী ও সাঁথিয়া উপজেলাতে আরও ২,০০০ কৃষককে অর্ন্তভুক্ত করে কাজ শুরু করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্পের আওতায় পেঁয়াজের গুণগতমানের সনদ, ঐঅঈঈচ, এখঙইঅখ এঅচ, ঞৎধপবধনরষরঃ◌ু নিশ্চিত করে নিরাপদ মশলা খাদ্য হিসেবে এর ব্রান্ডিং করা হবে।

উক্ত কর্মশালায় উপস্থিত কৃষকদেরকে স্বল্প ব্যয়ের অসনরবহঃ প্রকৃতির সংরক্ষণাগার ৬৫ জন কৃষকের মাঝে প্রযুক্তি হস্তান্তর প্রদর্শনী প্রকল্প হতে অনুদান হিসাবে দেয়া হয় ১৬ টি টিন ও একটি ফ্যান। যার ফলে কৃষকেরা পেঁয়াজের ভরা মৌসুমে সংরক্ষণ করে বিক্রি করে অধিকতর লাভবান হতে পারবেন। ইতোপূর্বে ২,২৫০ জনকে প্রশিক্ষণ, ১৭০ টি বীজ উৎপাদন প্রদর্শণী খামার এবং ১৩৭ বীজ সংরক্ষণাগার স্থাপনে সহায়তা প্রদান করা হয়েছে।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার নাছরিন পারভিন, গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার রাসেল রানা, দারিদ্র বিমোচন সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর, পি কে এস এফ এর ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার মাসুম সরকার ও নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধার শিক্ষিকা সানজিদা ইসলাম প্রমুখ।

মহানবীর (সা.) ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

ফ্রান্সে মহানবী হজরত মুহাম্মদ (সা.) এর ব্যাঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার জুম্মার নামাজের পর গাংনী বাজার বাসষ্টান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে ফ্রান্সের পণ্য বর্জনসহ বিশ্ব মুসলিম উন্মাহকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানো হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব মাওলানা মুহাম্মদ আব্দুল কাদের,গাংনী বাজার মসজিদের ঈমাম রুহুল আমীন, গাংনী উপজেলা জামে মসজিদের ঈমাম মাওলানা মুহাম্মদ ইলিয়াস হোসেন প্রমুখ। পরে কুশপুত্তলিকা দাহ করা হয়।

ঝিনাইদহে পয়ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক ক্যারাভ্যান ক্যাম্পেইন

সিটি ওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন প্রকল্পের আওতায় ঝিনাইদহ পৌরসভার মানব বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এস এন ভি নেদারল্যান্ড এর সহযোগিতায় ঝিনাইদহ পৌরসভা ও এইড ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে ক্যারাভ্যান ক্যাম্পেইন কার্যক্রম শুরু হয়েছে।

ঝিনাইদহের পৌরসভার প্রতিটি ওয়ার্ডে লোক সমাগম আছে এমন স্থানে এই ক্যাম্পেইন করে মানুষকে সচেতন করছে। এসময় বিভিন্ন সচেতনামূলক নাটিকা প্রদর্শন, কুইজ,লুডুখেলা, প্রশ্নোত্তরসহ নানাভাবে মানুষকে সচেতন কার্যক্রম অব্যহত রেখেছে।

গতকাল মর্ডাণ মোড়ে স¦◌াধীন টাওয়ারের পাশে ক্যারাভ্যান কাম্পেইন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার সংরক্ষিত মহিলা কাউন্সিলর ৪, ৫,৬ ওয়ার্ড ও প্যানেল মেয়র-৩ ফারহানা রেজা আঞ্জু,এইড ফাউন্ডেশন এর সহকারী পরিচালক তন্ময় কুমার কুন্ডু। অতিথিরা কুইজ, লুডু খেলা এবং প্রশ্নোত্তর পর্বে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন।

পুরস্কার হাতে পেয়ে বিজয়ীরা বলেন, আমরা আগে এই সব জানতান না, এখানে দাঁড়িয়ে অনেক কিছু শিখতে পারলাম, প্রর্শেন উত্তর দিয়ে পুরস্কার পেলাম খুব ভাল লাগছে। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা করেন ফুল স্টপ সলিউশন লিমিটেড।

[redacted]

[redacted]

গাংনীর কাজিপুর সীমান্তে ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে ১শ’৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি।
গতকাল শুক্রবার বিকাল ৩ টায় উপজেলার কাজিপুর বর্ডার পাড়া সীমান্ত থেকে পরিত্যাক্ত অবস্থায় ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, কাজিপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ ইদ্রিস আলী এর নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে কাজিপুর বর্ডার পাড়া নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে পরিত্যাক্ত অবস্থায় ভারতীয় ১শ’৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ফেন্সিডিল গুলোর অঅনুমানিক মূল্যে ১ এক লক্ষ ৭ হাজার টাকা। এ ঘটনার সাথে জড়িতদের সনাক্ত করার চেষ্টা চলছে।

মেহেরপুরে সাংবাদিক সম্রাটের মায়ের ইন্তেকাল

চ্যানেল নাইনের মেহেরপুর প্রতিনিধি নাসের চৌধুরী সম্রাটের মা মারা গেছেন (ইন্না-লিল্লাহ)। শনিবার ভোর ৩টায় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। মৃত্যুকালে তিনি দুই ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখ গেছেন।

শনিবার বাদ আছর মরহুমার জানাজা অনুষ্ঠিত হবে । সহকর্মীর মায়ের মৃত্যুতে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সকল সদস্য ও মেহেরপুর প্রতিদিন পরিবার শোক প্রকাশ করেছে।

ফ্রান্সে মহানবীর ব্যঙ্গচিত্র প্রকাশ করায় আলমডাঙ্গায় হাজারো তৌহিদী জনতার বিক্ষোভ মিছিল

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মোহাম্মদ (সঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রকাশ করার প্রতিবাদে আলমডাঙ্গায় হাজারো বিক্ষুব্ধ তৌহিদি জনতার বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকেলে বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন করে। এ সময় হাজারো কণ্ঠের গগনবিদারী শ্লোগানে শ্লোগানে শহর প্রকম্পিত হয়ে ওঠে। বিক্ষোভ মিছিলের আয়োজন করে ইসলামী আন্দোলন বাংলাদেশের আলমডাঙ্গা উপজেলা শাখা।

মিছিলে নেতৃত্ব দেন আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মোঃ আকরাম হুসাইন, সহসভাপতি মোঃ আমিনুল ইসলাম, সাধারন সম্পাদক ডাক্তার ওয়ালিদ হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক হোসেন, মুজাহিদ কমিটির সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, সাধারন সম্পাদক মোঃ শরিফুল ইসলাম, যুব আন্দোলনের সভাপতি হাফেজ মোঃ মারুফ বিল্লাহ ও সাধারন সম্পাদক মুফতি মোঃ আশরাফুল ইসলাম প্রমুখ।

বাল্যবিবাহের অপরাধে বর ও কনের বাবা জেল

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়িয়া মন্ডলপাড়ার ৮ম শ্রেণির এক ছাত্রীকে বাল্য বিয়ে দেয়ার অপরাধে মেয়ের বাবা তারিফ রহমান (৪১) কে ৬ মাস ও বর আহাদুর রশিদ (২২)কে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড

প্রদান করা হয়েছে।
এছাড়াও মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত করা ও বাল্যবিবাহে সহায়তা করার দায়ে মেয়ের ফুপুকে ৩০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

শুক্রবার বিকেলে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়ীয়া মন্ডলপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

তিনি জানান, উপজেলার সাতবাড়ীয়া মন্ডলপাড়া এলাকার মেজবান মন্ডলের মেয়ে ৮ম শ্রেণির ছাত্রী শাম্মী খাতুনের বাল্য বিয়ে হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।
এসময় শাম্মী খাতুনের পরিবর্তে তারিন নামে এক প্রাপ্তবয়স্ক মেয়েকে সাজিয়ে কনে হিসেবে উপস্থাপন করে।

পরবর্তীতে বাল্যবিয়ে ও প্রতারণার বিষয়টি নিয়ে তারা দোষ স্বীকার করলে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ মোতাবেক মেয়ের বাবা তারিফ রহমানকে ৬ মাস এবং অপ্রাপ্ত বয়স্ক মেয়েকে বিয়ে করার অপরাধে একই উপজেলার জুনিয়দহ এলাকার এনামুর রশিদ বুলবুলের ছেলে আহাদুর রশিদকে একই আইনে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। এছাড়া মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত করা ও বাল্যবিবাহে সহায়তা করার দায়ে একই আইনে মেয়ের ফুপু হানুকা খাতুনকে কে ৩০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।

চুয়াডাঙ্গায় তরুণ কৃষি উদ্যোক্তাদের কর্মশালা শুরু

সারাদেশের ৩৬ জন তরুণ কৃষি উদ্যোক্তাকে নিয়ে চুয়াডাঙ্গায় দুই দিনব্যাপি দক্ষতা উন্নয়ন কর্মশালা শুরু হয়েছে। শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার মেহেরুন পার্কে এ কর্মশালা আয়োজন করা হয়। ইউটিউব চ্যানেল কৃষি বায়োস্কোপের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে।
কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি

অনুষদের ডীন ড. এমএ রহিম। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মাশরুম উন্নয়ন ইন্সটিটিউটের উপ-পরিচালক নিরোদ চন্দ্র সরকার, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আলী হাসান ও সদর উপজেলা কৃষি কর্মকর্তা তালহা জুবায়ের মাসরুর।

কর্মশালা আগত প্রশিক্ষনার্থীরা জানান, বেসরকারি পর্যায়ে এ ধরণের প্রশিক্ষণ আয়োজন দেশের কৃষির জন্য আশাব্যঞ্জক। এখান থেকে সারাদেশের প্রকৃত উদ্যোক্তারা প্রশিক্ষণ নিয়ে কৃষিকে এগিয়ে নিতে কাজ করবেন।
কর্মশালায় বক্তারা বলেন, চুয়াডাঙ্গার কৃষি এমনিতেই সমৃদ্ধ। এখানে অনেক ব্যতিক্রমী চাষাবাদ হয়ে থাকে। সারাদেশে তরুণ উদ্যোক্তারা এ কর্মশালা থেকে শিক্ষা নিয়ে কৃষিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

চুয়াডাঙ্গায় তিন ফসলী জমিতে রেললাইন স্থাপনের প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গার দর্শনা থেকে মেহেরপুর পর্যন্ত প্রস্তাবিত রেললাইন স্থাপনের
জন্য তিন ফসলী জমি নির্বাচনের প্রতিবাদে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। দামুড়হুদা উপজেলার কৃষিনির্ভর কোমরপুর ও বাঘাডাঙ্গা
গ্রামের ‘রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটি’ এ মানববন্ধনের
আয়োজন করে। শুক্রবার বিকালে অনুষ্ঠিত মানববন্ধনে এলাকার হাজারো মানুষ অংশগ্রহণ করে।

রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটির সদস্য মোস্তাফিজ কচি জানান, বর্তমান সরকার চুয়াডাঙ্গার সাথে মেহেরপুর জেলার রেলযোগাযোগের জন্য রেললাইন স্থাপনের উদ্যোগ নিয়েছে। এজন্য পূর্বের প্রস্তাবিত সোজা পথ বাদ দিয়ে নতুন করে কিছু ঘোরা পথে কোমরপুর ও বাঘাডাঙ্গা গ্রামের মধ্য দিয়ে রেললাইন স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে।

এ অবস্থায় এলাকার হাজার হাজার হেক্টর তিন ফসলী জমি ক্ষতিগ্রস্থ হওয়ার
সম্ভাবনা দেখা দিয়েছে। এতে অনেক কৃষিজীবী মানুষ কর্মহীন হয়ে
পড়বে বলে আমাদের ধারণা। এরই প্রতিবাদে এলাকাবাসী আন্দোলন অব্যাহত রেখেছে।

রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটির সদস্য জাহিদুর রহমান মুকুল জানান, এলাকার উর্বর কৃষি জমিতে রেললাইন স্থাপনের প্রতিবাদে এলাকাবাসী গত ২৭ অক্টোবর চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছে।

মানববন্ধনে বক্তব্য রাখেন রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটির আহ্বায়ক
মওলা বক্স, যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মন্টু, সদস্য মহাসিন আলী, ইবাদত আলী, ডা. রবিউল হক, জাহিদুর রহমান মুকুল, হযরত আলী ও মোস্তাফিজ কচি।

বক্তারা বলেন, একটি অসৎ গোষ্ঠির চক্রান্তে পূর্বনির্ধারিত সোজা পথ
বাদ দিয়ে ঘোরা পথে রেললাইন স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। সে লক্ষ্যে
কার্যক্রমও শুরু হয়েছে। চক্রান্তকারীদের নীলনকশা মোতাবেক এলাকার পতিত জমি বাদ দিয়ে উচ্চ ফলনশীল তিন ফসলী কৃষিজমিতে রেললাইন স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। যা এলাকাবাসীর জন্য মারাত্মক ক্ষতির
কারণ হবে। এজন্য সরকারের কাছে বিষয়টি তদন্ত সাপেক্ষে সঠিক সিদ্ধান্ত নেয়ার দাবী জানান বক্তারা।